2836

# THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

FBCCI
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

৭ ডিসেম্বর ২০২৫

এফবিসিসিআই/জিএডি/২০২৫/৩০৪৬

বরাবর
অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল,
সাইবার পুলিশ সেন্টার সিআইডি, হেড কোয়ার্টার
মালিবাগ, ঢাকা।

**বিষয়: এফবিসিসিআই সদস্যদের কাছে প্রতারণামূলক জুম লিংক পাঠিয়ে নম্বর হ্যাক করার বিষয়ে প্রতিকার প্রার্থনা।**

মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনি অবগত আছেন যে, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (FBCCI) দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের শীর্ষ সংগঠন এবং জাতীয় অর্থনীতিতে বিভিন্ন নীতি প্রনয়ণসহ ব্যবসায়ী সম্প্রদায়ের সমস্যা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

সম্প্রতি এফবিসিসিআই-এর বিভিন্ন সম্মানিত সদস্য সম্প্রতি একটি নির্দিষ্ট মোবাইল নম্বর (০১৭২৫-৫৬৩৬৪০) থেকে প্রতারণামূলক কল এবং বার্তা পাচ্ছেন বলে মৌখিকভাবে অভিযোগ পাওয়া যায়। উক্ত নম্বর থেকে এফবিসিসিআই-এর বিভিন্ন সদস্যকে 'মিটিংয়ের অংশগ্রহণের' কথা বলে একটি জুম লিংক পাঠানো হচ্ছে। উক্ত লিংকে প্রবেশ করার পর সংশ্লিষ্ট সদস্যদের মোবাইল নম্বর হ্যাক হয়ে যাচ্ছে এবং পরে সেই হ্যাককৃত নম্বর ব্যবহার করে FBCCI-এর অন্যান্য সদস্যদের কাছে অর্থ দাবি করে বার্তা পাঠানো হচ্ছে। ফলশ্রুতিতে এফবিসিসিআই এবং এর সদস্যগণ মারাত্মক নিরাপত্তা ঝুঁকির সম্মুখীন হচ্ছেন।

এই প্রেক্ষিতে, এ ধরনের সাইবার প্রতারণা ও নম্বর হ্যাকিংয়ের ঘটনার বিরুদ্ধে দ্রুত ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। একই সাথে, উক্ত প্রতারণার উৎস ট্র্যাকিং, সংশ্লিষ্ট নম্বরের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যৎ ঝুঁকি প্রতিরোধে আপনাদের সহযোগিতা কামনা করছি।

আশা করি, আপনার সদয় দৃষ্টি ও দ্রুত পদক্ষেপ এফবিসিসিআই এর সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করবে।

ধন্যবাদান্তে,

07/12/2025 ইং

**মোঃ আলমগীর**
মহাসচিব

**অনুলিপি:**

১. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২. একান্ত সচিব, প্রশাসক, এফবিসিসিআই।

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org